



**Joel I. Klein**  
Chancellor

**Kathleen Grimm**  
Deputy Chancellor

সেপ্টেম্বর, ২০১০

প্রিয় পিতামাতা এবং অভিভাবকমণ্ডলী,

আমরা আপনাদের সদয় অবগতির জন্য একটি ফেডারেল কর্মসূচির কথা জানাতে চাই, যে কর্মসূচির মাধ্যমে আপনাদের পরিবার সন্তানদের পুষ্টিকর ও সুস্বাদু খাবার পরিবেশন করেও বছরে সন্তানপ্রতি ২৫০ ডলারেরও বেশি সাশ্রয় করতে পারবেন। এই কর্মসূচির নাম ন্যাশন্যাল স্কুল লাঞ্চ প্রোগ্রাম (এনএসএলপি) এবং নির্দিষ্ট পারিবারিক আয়ের সীমারেখা অনুযায়ী এসব ফ্রি এবং হ্রাসকৃত মূল্যের স্কুল লাঞ্চ পরিবেশন করা হয়। বিশেষজ্ঞরা একমত হয়েছেন যে পুষ্টিকর খাবার গ্রহণকারী শিক্ষার্থীরা শিক্ষা লাভের জন্য ভালোভাবে প্রস্তুত থাকে।

ফেডারেল আয়ের সীমারেখাসমূহের মধ্যে যেসব পরিবারের আয়, সেসব পরিবারের সন্তানরা ফ্রি বা হ্রাসকৃত মূল্যে খাবার পাওয়ার উপযুক্ত হবে। আপনার সন্তানের উপযুক্ততা নিশ্চিত হতে পিতামাতা বা অভিভাবককে অবশ্যই স্কুল মিলস্ অ্যাপ্লিকেশন (স্কুলে খাবার পাওয়ার আবেদনপত্র) পূরণ ও জমা দিতে হবে। আবেদনপত্র স্কুল বছরের শুরুতে বিলি করা হয় এবং ফেরত দেয়ার পর সেগুলো পর্যালোচনা করা হয়। পরিবারের সব স্কুল-বয়েসী সন্তানের জন্য অনলাইনে অ্যাক্সেস এনওয়াইসি-এর [www.nyc.gov/accessnyc](http://www.nyc.gov/accessnyc) ওয়েবসাইটে গিয়েও আপনারা সহজে এই আবেদনপত্র পূরণ করতে পারেন।

আবেদনপত্র জমা না দেওয়া পরিবারের সন্তানকে আমাদের স্কুলে পরিবেশিত প্রতি বেলার খাবারের জন্য পূর্ণ মূল্য ১.৫০ ডলার হিসেবে পরিশোধ করতে হবে বলে প্রত্যাশিত। একটি আবেদনপত্র জমাদানের পূর্ব পর্যন্ত ছেলেমেয়ের লাঞ্চ পাওয়ার যোগ্যতার অবস্থান পূর্ববর্তী স্কুল বছরে যা ছিলো, তা-ই থাকবে। যে শিক্ষার্থী গত বছর পূর্ণ মূল্য পরিশোধ করবে বলে বিবেচিত হয়েছিল, স্কুল খোলার প্রথম দিন অবশ্যই তাকে ১.৫০ ডলার পরিশোধ করতে হবে, এমন কি জাতীয় মন্দার কারণে তার পরিবারের আর্থিক অবস্থা খারাপ হলেও তাকে এই মূল্য পরিশোধ করতে হবে। সুতরাং আমরা সকল পরিবারকে অনুরোধ জানাচ্ছি, সন্তানদের স্কুল লাঞ্চ পাওয়ার যোগ্যতার সাথে তাদের পরিবারের হালনাগাদ আর্থিক অবস্থার সামঞ্জস্য বিধান করার জন্য তারা যেনো নতুন করে স্কুল মিলস্ অ্যাপ্লিকেশন অনতিবিলম্বে স্কুলে জমা দেন। এছাড়াও, ২০১০/২০১১ স্কুল বছরের আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৮ অক্টোবর, ২০১০। যেসব ছেলেমেয়ে এই আবেদনপত্র জমা দিতে ব্যর্থ হবে, ২৫ অক্টোবর, ২০১০ তারিখে শুরু হওয়া ২০১০/২০১১ স্কুল বছরে তাদের অবস্থা যা-ই হোক না কেন, তাদেরকে খাবারের জন্য পূর্ণ মূল্য পরিশোধ করতে হবে।

স্কুল মিলস্ অ্যাপ্লিকেশন পূরণ করতে সহায়তার প্রয়োজন হলে কিংবা আপনার একটি নতুন আবেদনপত্রের প্রয়োজন হলে অনুগ্রহ করে আপনার স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন বা স্কুল ফুড হেল্প ডেস্ক-এ (718) 707-4400 নম্বরে ফোন করুন। অনেক স্কুলের প্রিন্সিপ্যাল এনএসএলপি কর্মসূচি সংক্রান্ত বিষয়ে স্কুলের বিশেষজ্ঞ হিসেবে কোন একজন কর্মীকে নিযুক্ত করেন।

আপনাদের বিশ্বস্ত,

ক্যাথলিন গ্রিম